# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৪২

১/ বিবিধ

আরবী

لقد أنزلت علي عشر آيات من أقامهن دخل الجنة، ثم قرأ: " قد أفلح المؤمنون. الذين هم في صلاتهم خاشعون ". الآيات
منكر

أخرجه النسائي في " السنن الكبرى " (218/2) والحاكم (2/392) وكذا الترمذي (2/201) وأحمد (1/34) والعقيلي في " الضعفاء " (4/460) من طريق عبد الرزاق: نا يونس بن سليم قال: أملى علي يونس بن يزيد الأيلي عن ابن شهاب عن عروة عن عبد الرحمن بن عبد القاري: سمعت عمر بن الخطاب يقول: " كان رسول الله صلى الله عليه وسلم إذا نزل عليه الوحي يسمع عنده دوي كدوي النحل، فمكثنا ساعة، فاستقبل القبلة، ورفع يديه قال: اللهم زدنا ولا تنقصنا، وأكرمنا ولا تهنا، [وأعطنا] ولا تحرمنا، وآثرنا ولا تؤثر علينا، وأرضنا وارض عنا، ثم قال: ... " فذكره
وقال العقيلي في ترجمة يونس بن سليم هذا وهو الصنعاني: " لا يتابع على حديثه هذا، ولا يعرف إلا به
وقال النسائي:" هذا حديث منكر لا نعلم أن أحدا رواه غير يونس بن سليم، ولا نعرفه وأقره الحافظ ابن كثير في " تفسيره " وأما مختصره الصابوني؛ فقد دلس على قرائه ـ كعادته ـ فأورد الحديث خلافا لشرطه في مقدمته أولا، وحذف تضعيف النسائب له وإقرار الحافظ إياه ثانيا، وجعل تخريج الحافظ له في حاشيته موهما أنه من علمه، ثالثا

وأما الحاكم فقال: صحيح الإسناد

وتعقبه الذهبي فقال: قلت: سئل عبد الرزاق عن شيخه ذا؟ فقال: أظنه لا شيء

বাংলা

১২৪২। আমার উপরে দশটি আয়াত নাযিল করা হয়েছে, যে ব্যক্তি সে দশটি আয়াত পাঠ করবে সে জান্নাতে প্রবেশ করবে। অতঃপর পাঠ করলেনঃ “কাদ আফলাহাল মু’মিনূন আল্লাযীনা হুম কী সালাতিতিহিম খাশে’উন” আল-আয়্যাহ। অর্থাৎ সূরা মুমিনুনের প্রথম থেকে দশ আয়াত।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইমাম নাসাঈ “সুনানুল কুবরা” গ্রন্থে (২/২১৮), হাকিম (২/৩৯২), অনুরূপভাবে ইমাম তিরমিযী (২/২০১), আহমাদ (১/৩৪) ও ওকায়লী “আযযুয়াফা” গ্রন্থে (৪/৪৬০) আব্দুর রাযযাক সূত্রে ইউনুস ইবনু সুলায়েম হতে, উরওয়াহ হতে, তিনি আব্দুর রহমান ইবনু আব্দিল কারী হতে ... বর্ণনা করেছেন।

ওকায়লী ইউনুস ইবনু সুলায়েমের জীবনী আলোচনা করতে গিয়ে বলেনঃ তার এ হাদীসের মুতাবায়াত করা হয়নি এবং তাকে শুধুমাত্র এ হাদীসের দ্বারাই চেনা যায়।

নাসাঈ বলেনঃ এ হাদীসটি মুনকার। এটিকে ইউনুস ইবনু সুলায়েম ব্যতীত অন্য কেউ বর্ণনা করেছেন বলে জানিনা এবং তাকেও চিনি না।

হাফিয ইবনু কাসীর তার এ বক্তব্যকে তার তাফসীর গ্রন্থে সমর্থন করেছেন।

হাকিম হাদীসটির সনদকে সহীহ আখ্যা দিয়েছেন। এ কারণে হাফিয যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ আমি বলছিঃ আব্দুর রাযযাককে তার শাইখ (ইউনুস) সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি বলেনঃ আমার ধারণা তিনি কিছুই না।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72121

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন